দৈনিক বাংলা

তারিখ 21 APR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

16

# শিক্ষার মান উন্নয়নে কার্যকর সমন্বয় দরকার ঃ শামসুল হক

শিক্ষা, যুব ও ক্রীড়া এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা অধ্যাপক মোঃ শামসুল হক শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিক্ষাক্রম সংস্কার ও শিক্ষাঙ্গনের অবকাঠামোগত উন্নয়নে সংশ্লিষ্ট সকলের কর্মদক্ষতা ও সততার কার্যকরী সমন্বয়ের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি শনিবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী মিলনায়তনে প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও ফ্যাসিলিটিজ বিভাগের জোনাল নির্বাহী প্রকৌশলীদের এক কর্মশালার উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ শহীদুল আলম, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক খুরশীদ আলম ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রকল্পের পরিচালক অধ্যাপক আবদুর রশীদ অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রকল্পের উদ্যোগে আয়োজিত দিনব্যাপী এ কর্মশালার মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষাক্রম প্রণয়ন ও পাঠ্যপুস্তক উন্নয়ন, শিক্ষক প্রশিক্ষণ, শিক্ষাঙ্গনের অবকাঠামোগত উন্নয়ন ও ব্যবস্থাপনা উন্নয়ন। এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহযোগিতায় প্রায় ২৫০ কোটি টাকা ব্যয়ে এ প্রকল্প বাস্তবায়িত হবে। প্রকল্পের আওতায় ১৫৬টি স্কুল ও কলেজের উন্নয়ন করা হবে।

শিক্ষা উপদেষ্টা বলেন, দেশের শিক্ষা ব্যবস্থার গুণগত পরিবর্তনের লক্ষ্যে গৃহীত এ প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। তিনি এ প্রকল্প বাস্তবায়নে সম্ভাব্য সমস্যাগুলি চিহ্নিতকরণ ও তার সমাধানে কার্যকরী দিকনির্দেশনা প্রদানে কর্মশালায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।